রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৫, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

শা-আইন-১।

## প্রজ্ঞাপন

তারিখ, ২১শে আষাঢ়, ১৪০০/৫ই জুলাই, ১৯৯৩

এস, আর, ও নং ১৩১-আইন/৯৩/শা-আইন-১/১আর-৬/৯০/৪৪—স্থানীয় সরকার (জেলা পরিষদ) আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ২৯ নং আইন) এর ধারা ৫৭ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ তে নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথাঃ—

১। উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১৮ এর উপ-বিধি (১) এর—

(অ) "মাসিক মূল বেতনের" শব্দগুলির পরিবর্তে "দুই মাসের মূল বেতনের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) শর্তাংশের (ক) দফায় "২৫" সংখ্যার পরিবর্তে "৫০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(খ) বিধি ১৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(১) উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, পরিষদে পাঁচ বৎসর চাকুরী সমাপ্ত করিয়াছেন এমন কোন কর্মচারী যদি তাহার দায়িত্ব পালন করার কারণে অসুস্থ হইয়া বা আঘাতপ্রাপ্ত হইয়া মৃত্যুবরণ করেন, তাহা হইলে তাহার পরিবারকে, সরকারের পূর্ব-অনুমোদনক্রমে, তাহার চাকুরীর প্রতিটি পূর্ণ বৎসরের জন্য দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ আনুতোষিকের মোট পরিমাণ ৫০ (পঞ্চাশ) মাসের মূল বেতনের অধিক হইবে না।

ব্যাখ্যা।—এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কোন আংসিক বৎসরের চাকুরীর ক্ষেত্রে, চাকুরীর মেয়াদ অন্যূন ১৮৫ দিন হইলে উহাকে পূর্ণ বৎসর বলিয়া গণ্য করা হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুজিবুর রহমান প্রধান**
উপ-সচিব (আইন)।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক. বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস.
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।